
# ‘আইএমইডি পিন/ IMED PIN’ অ্যাপ ব্যবহার নির্দেশিকা

সরকারের উন্নয়ন প্রকল্পসমূহের বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন করা আইএমইডি 'র অন্যতম প্রধান কাজ। এই কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন, প্রকল্প সংশ্লিষ্ট অংশীজন ও সর্বোপরি নাগরিকগণের ব্যবহারের লক্ষ্যে 'আইএমইডি পিন/ IMED PIN' অ্যাপটি তৈরি করে সকলের ব্যবহারের জন্য Google Play Store-এ উন্মুক্ত করা হয়েছে। অ্যাপটির মাধ্যমে চলমান অর্থবছরের (২০২১-২২) সরকারের উন্নয়ন প্রকল্প সংশ্লিষ্ট নানা তথ্য বিভিন্ন ক্যাটাগরিতে জানা যাবে।

## ‘আইএমইডি পিন/ IMED PIN’ অ্যাপটি Installation ও ব্যবহার নির্দেশিকা:

(০১) Google Play Store-এর Search Bar-এ “**IMED PIN**” লিখে সার্চ করলে নিম্নোক্ত Icon-এর একটি App দেখাবে।







(০২) উপরোক্ত আইকনের “IMED PIN” অ্যাপে click করে **Install** বাটনে click করার মাধ্যমে অ্যাপটি Install করতে হবে। Installation সম্পন্ন হলে device-এ “IMED PIN” আইকন সহ অ্যাপটি দেখাবে।



(০৩) Device-এ অবস্থিত উপরোক্ত আইকনের “IMED PIN” অ্যাপে click করলে অ্যাপটিতে নিম্নোক্ত হোম পেইজটি দেখাবে।





(০৪) App-টির মাধ্যমে বাংলাদেশের বিভাগ/জেলা ও মন্ত্রণালয়/সংস্থা অনুযায়ী বিভিন্ন ক্যাটাগরিতে প্রকল্পের তথ্য জানা যাবে। এছাড়া, একনজরে ফাস্ট ট্রাক প্রকল্পের তথ্যও পাওয়া যাবে। অ্যাপটির হোমপেইজ অথবা ডানপাশে অবস্থিত মেনুবার হতে সকল অপশনে যাওয়া যাবে।



(০৫) App-টির অনুসন্ধান/ Search অপশনে যেয়ে চলতি অর্থবছরের যেকোন প্রকল্পের তথ্য বিভিন্ন সার্চ কি-ওয়ার্ড যেমন: প্রকল্প নামের যে কোন অংশ/ Location ইত্যাদি লিখে সার্চ করে খুব সহজেই যে কোন প্রকল্প খুঁজে বের করা যাবে।




(০৬) প্রকল্পে Click করলে প্রকল্পের বিস্তারিত তথ্য জানা যাবে।




উল্লেখ্য, 'আইএমইডি পিন' অ্যাপটির Android Version বর্তমানে Release করা হয়েছে। এর মান উন্নয়ন অব্যাহত আছে।